# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০২৫/ ১৪৬৩৭ তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ০৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে সৈয়দ আহম্মদ আলিম মাদরাসা, ডাকঘর: সৈয়দ আহম্মদ কলেজ, উপজেলাঃ সোনাতলা, জেলাঃ বগুড়া (SAYED AHMED ALIM MADRASAH (EIIN-119943, CODE-13931) এর অধ্যক্ষের ০৬.০৩.২০২৪ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধারা-১৩ এর-ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ০৩.০৩.২০২৫ খ্রি. থেকে ০২.০৩.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহ:**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর এর কার্যক্রম চালু হবে।
২. আরবি ও নাহু-ছরফ বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৩. শ্রেণিকক্ষ বড় করে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করতে হবে এবং সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৪. ক্লাসে গাইড বই নিষিদ্ধ করত: মূল কিতাব/বই এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
৫. তালিমের পাশাপাশি শিক্ষার্থীদের তারবিয়াতের জন্য প্রতি সপ্তাহে গঠনমূলক দ্বীনি আলোচনার আয়োজন করতে হবে।
৬. প্রাতিষ্ঠানিক বেতনে ফাজিল শ্রেণির জন্য (০২) দুইজন শিক্ষক নিয়োগ দিতে হবে এবং পাঠদানের চিঠি প্রাপ্তির ৪৫ দিবসের মধ্যে শিক্ষক নিয়োগ দিয়ে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করতে হবে।
৭. ফাজিল স্তরের জন্য প্রয়োজনীয় মূল কিতাব ও রেফারেন্স বই ক্রয় করতে হবে।
৮. যাবতীয় আয় ব্যাংকে জমা করতে হবে। চেকের মাধ্যমে ব্যাংক থেকে টাকা উত্তোলন করে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করতে হবে।
৯. কেনাকাটায় সরকারী বিধি অনুসরণ করতে হবে।
১০. শিক্ষক হাজিরা, অধ্যক্ষের মুভমেন্ট রেজিস্টার, ছুটির দরখাস্ত ও ছুটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
১১. কম্পিউটার ল্যাব ব্যবহার করে প্রমাণ সংরক্ষণ করতে হবে।
১২. একটি সমৃদ্ধ লাইব্রেরী করতে হবে, যেখানে ২০০০ (দুই হাজার) বই ও অন্তত ২০০ (দুইশত) রেফারেন্স বই থাকতে হবে।
১৩. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

০৩/০৩/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
সৈয়দ আহম্মদ আলিম মাদরাসা
ডাকঘর: সৈয়দ আহম্মদ কলেজ, উপজেলাঃ সোনাতলা, জেলাঃ বগুড়া।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০২৫/ ১৪৬৩৭ (৮) তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ০৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, সৈয়দ আহম্মদ আলিম মাদরাসা, ডাকঘর: সৈয়দ আহম্মদ কলেজ, উপজেলাঃ সোনাতলা, জেলাঃ বগুড়া।
৮। অফিস নথি।

০৩/০৩/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৬৩৩-১৩৮২৭৩